ফাতওয়া নাম্বার: ৫৪৫ প্রকাশকাল: ০১-০৫-২০২৫ ইং

সন্তানকে যাকাত-ফিতরা প্রদানের বিধান

প্রশ্ন:

পিতা-মাতা নিজের বালেগ সন্তানকে কি যাকাত সাদাকাতুল ফিতর দিতে পারবে?

-মুহাম্মাদ উসামা

উত্তর: সন্তান বালেগ হোক বা নাবালেগ; তাকে যাকাত, সাদাকাতুল ফিতর, উশর, মান্নত এবং কসমের কাফফারার অর্থ দেয়া যাবে না। -কিতাবুল আসল: ২/১২৪ (দারু ইবনি হাযম); মাবসুত: ১/৩৩২ (দারুল মারেফা); ফাতাওয়া শামী: ২/৩৪৬ (দারুল ফিকর); বাদায়েউস সানায়ে: ২/৪৯ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); খুলাসাতুল ফাতাওয়া ২/২৪২ (আল-মাকতাবাতুল আশরাফিয়্যাহ); ফাতহুল কাদীর ২/২৬৯ (দারুল ফিকর)

নফল সাদাকা বালেগ সন্তানসহ যেকোনো আত্মীয়কে দেয়া যাবে। বরং এতে সাদাকার পাশাপাশি আত্মীয়তার সম্পর্ক রক্ষারও সাওয়াব পাওয়া যাবে।

ইবনে মাসউদ রাযিয়াল্লাহু আনহুর স্ত্রী যায়নাব রাযিয়াল্লাহু আনহা বেলাল রাযিয়াল্লাহু আনহুর মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লামের নিকট জানতে চান, তিনি তাঁর স্বামী ইবনে মাসউদকে সাদাকা প্রদান করতে পারবেন কি না? উত্তরে নবীজী বলেন,

نعم، لها أجران، أجر القرابة وأجر الصدقة.- صحيح البخاري (٢/ ١٢٢ رقم: ١٤٦٦ ط. دار إحياء التراث) صحيح مسلم (٢/ ٦٩٤ رقم: ١٠٠٠ ط. دار إحياء التراث)

"হ্যাঁ, সাদাকা করতে পারবে। এতে সে দ্বিগুণ সাওয়াব লাভ করবে, আত্মীয়তার সম্পর্ক রক্ষার সাওয়াব এবং সাদাকার সওয়াব।" -সহীহ বুখারী: ১৪৬৬; সহীহ মুসলিম: ১০০০

অপর হাদীসে নবীজী বলেন,

الصدقة على المسكين صدقة، وهي على ذي الرحم ثنتان: صدقة وصلة. — رواه الترمذي (٢/٤٠ رقم: ٦٥٨ ط. دار الغرب الإسلامي) وقال: حديث حسن

"মিসকীনকে সাদাকা দিলে তা কেবল সাদাকাই, আর আত্মীয়কে দিলে তাতে রয়েছে দুটি সাওয়াব। সাদাকার সাওয়াব এবং আত্মীয়তা রক্ষার সাওয়াব।" –জামে তিরমিযী: ৬৫৮ আরো দেখুন, বাদায়েউস সানায়ে: ২/৫০ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ)

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-১০-১৪৪৬ হি.

২৩-০৪-২০২৫ ইং